# আস-সাফফাত | As-Saffat | ٱلصَّٰٓفَّٰت

আয়াতঃ ৩৭ : ৪৫

## আরবি মূল আয়াত:

يُطَافُ عَلَيۡهِم بِكَاسٍ مِّن مَّعِينٍ ﴿٤٥﴾

## অনুবাদসমূহ:

তাদের চারপাশে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে বিশুদ্ধ সুরাপাত্র, — আল-বায়ান

তাদের কাছে চক্রাকারে পরিবেশন করা হবে স্বচ্ছ প্রবাহিত ঝর্ণার সুরাপূর্ণ পাত্র। — তাইসিরুল

তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে বিশুদ্ধ সুরাপূর্ণ পাত্র – — মুজিবুর রহমান

There will be circulated among them a cup [of wine] from a flowing spring, — Sahih International

### ৪৫. তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে বিশুদ্ধ সুরাপূর্ণ পাত্র(১)

(১) শরাবের পানপত্র নিয়ে ঘুরে ঘুরে জান্নাতীদের মধ্যে কারা পরিবেশন করবে সেকথা এখানে বলা হয়নি। এর বিস্তারিত বর্ণনা দেয়া হয়েছে অন্যান্য স্থানেঃ “আর তাদের খিদমত করার জন্য ঘুরবে তাদের খাদেম ছেলেরা যারা এমন সুন্দর যেমন ঝিনুকে লুকানো মোতি।” [সূরা আত-তূর: ২৪] “আর তাদের খিদমত করার জন্য ঘুরে ফিরবে এমন সব বালক যারা হামেশা বালকই থাকবে। তোমরা তাদেরকে দেখলে মনে করবে মোতি ছড়িয়ে দেয়া হয়েছে।” [সূরা আল-ইনসান: ১৯]

তাফসীরে জাকারিয়া

### (৪৫) তাদেরকে ঘুরে ঘুরে পরিবেশন করা হবে প্রবাহিত (শারাবের) পানপাত্র, [1]

[1] كَأْس মদ ভরতি পানপাত্রকে বলা হয়। আর قَدح খালি পানপাত্রকে বলা হয়। مَعِين এর অর্থ হল, প্রবাহিত ঝরনা। উদ্দেশ্য হল, প্রবাহিত ঝরণার ন্যায় জান্নাতে সর্বদা মদ বা শারাব পাওয়া যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3833

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন